

নং. 11.2

এক্সিকিউটিভ অর্ডার

নিউ ইয়র্ক স্টেটে একটি দুর্যোগ জরুরি অবস্থা ঘোষণা

যেহেতু, 2020 সালের শুরুর দিকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (World Health Organization, WHO) দ্বারা কোভিড-19 বৈশ্বিক মহামারী একটি আন্তর্জাতিক উদ্বেগের জনস্বাস্থ্য জরুরি অবস্থা (Public Health Emergency of International Concern) হিসেবে ঘোষিত হয়েছে;

যেহেতু, 2020 সালের 31 জানুয়ারি কোভিড-19 এর প্রতিক্রিয়ায় দেশের স্বাস্থ্যসেবা সম্প্রদায়কে সাহায্য করতে মার্কিন স্বাস্থ্য ও মানবসেবা (United States Health and Human Services) সচিব সম্পূর্ণ মার্কিন যুক্তরাষ্ট্রের জন্য একটি জনস্বাস্থ্য জরুরি অবস্থা ঘোষণা করেছেন

যেহেতু, নিউ ইয়র্ক এখন যে হারে কোভিড-19 সংক্রমণ দেখতে পাচ্ছে তা স্টেট 2021 সালের এপ্রিলের পর থেকে দেখেনি।

যেহেতু, গত এক মাসে নতুন কোভিড-19 আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা বেড়ে দৈনিক 300 জনের বেশি হয়ে গেছে;

যেহেতু, স্টেটজুড়ে আঞ্চলিক চাহিদা পূরণের জন্য হাসপাতালের ধারণক্ষমতা নিশ্চিত করতে স্টেটকে অবশ্যই একটি সমন্বিত পন্থা অবলম্বন করতে হবে;

যেহেতু, মিউনিসিপ্যালিটি ও কাউন্টিগুলির কোভিড-19 টিকা ও পরীক্ষা প্রদান ও ব্যবস্থা করার জন্য এবং এমন হারে ভাইরাস সংক্রমণ রোধ করার জন্য তাদের প্রচেষ্টায় স্টেট সরকারকে অবশ্যই তাদের সমর্থন করতে হবে;

যেহেতু, একটি নতুন SarCoV2 ভ্যারিয়েন্ট, যা ওমিক্রন নামে পরিচিত, বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) কর্তৃক সনাক্ত করা হয়েছে এবং উদ্বেগের ভ্যারিয়েন্ট হিসেবে ঘোষণা করা হয়েছে;

যেহেতু, ভ্যারিয়েন্টটি নিউ ইয়র্কসহ মার্কিন যুক্তরাষ্ট্রের 50টি স্টেটের সবকয়টিতে এবং 104টি কাউন্টিতে সনাক্ত করা হয়েছে;

যেহেতু, ওমিক্রন ভ্যারিয়েন্টটি উচ্চ সংক্রমণশীল এবং সূচকীয় হারে বৃদ্ধি পেতে পারে;

যেহেতু, বর্তমান টিকাসমূহ ওমিক্রন সংক্রমণের বিরুদ্ধে কার্যকর হচ্ছে বলে মনে হচ্ছে না, কিন্তু গুরুতর রোগের বিরুদ্ধে এখনো শক্তিশালী রয়েছে;

সুতরাং, এখন, আমি, ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও নিউ ইয়র্ক স্টেটের আইন অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, এই মর্মে নির্বাহী আদেশ 11 অনুযায়ী স্টেটজুড়ে দুর্যোগজনিত জরুরি অবস্থার মেয়াদ 15 ফেব্রুয়ারি, 2022 পর্যন্ত সম্প্রসারণ করছি, এবং নির্বাহী

আদেশ 11 ও 11.1-এ বর্ণিত আইনের স্থগিতাদেশ ও পরিবর্তন 14 ফেব্রুয়ারি, 2022 তারিখ পর্যন্ত বহাল রাখছি, তবে:

- নিউ ইয়র্ক স্টেট সিনেট ও অ্যাসেম্বলিকে তাদের নিজ বিবেচনায় কনফারেন্স কল অথবা অনুরূপ পরিষেবা ব্যবহার করে দূর থেকে সাক্ষাত করা ও আইন অনুযায়ী অনুমোদিত এধরনের পদক্ষেপ গ্রহণ করার জন্য এবং অন্যথায় 2021 সালের আইনের অধ্যায় 417 এর অংশ E-এর বিধানগুলো মেনে কাজ করার জন্য অনুমোদন প্রদানের জন্য অপরিহার্য ব্যাপ্তি অনুযায়ী সরকারি কর্মকর্তা আইনের ধারা 7 এর নির্বাহী আদেশ 11.1 এ থাকা স্থগিতাদেশ আর বহাল থাকবে না।

এই বর্ষ দুই হাজার বাইশের জানুয়ারির পনেরো তারিখে

আলবানি সিটিতে আমার হাতে এবং

স্টেটের প্রাইভি সিলমোহর ব্যবহার

করে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব